

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৮৮.১৮- ১২২৬

তারিখ

২২ কার্তিক, ১৪২৫।
৫ অক্টোবর, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ১১৬৮৯/২০১৮ জনাব নাজমুন নাহার খানম, প্রধান শিক্ষক, পকুয়া রেজি বে-সরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), বড়লেখা, জেলা- মৌলভীবাজার বনাম সরকার মামলার দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব নাজমুন নাহার খানম, প্রধান শিক্ষক, পকুয়া রেজি বে-সরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা-বড়লেখা, জেলা- মৌলভীবাজার উক্ত বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করে দায়িত্ব পালন করে আসছেন মর্মে দাবী করেছেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৮.০০৭.০১৫.০০০.১২.০০.২০১৩-৫২৫ তারিখ-২০/১১/২০১৩ খ্রিঃ অনুযায়ী তাঁর পদবী প্রধান শিক্ষকের পরিবর্তে সহকারী শিক্ষক হিসেবে গেজেটভুক্ত করা হয়েছে এবং উক্ত পদ শূন্য পদ ঘোষণা করে প্রধান শিক্ষকের চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে। ফলে তিনি সংক্ষুব্ধ হয়ে নিজ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১১৬৮৯/২০১৮ দায়ের করেন। গত ১৭.০৯.২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Subject to disposal of the Rule Nisi, the respondents are directed to maintain status-quo in respect of appointment of headmasters in the petitioners school, for a period of 6(six) months from date.

২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ১১৬৮৯/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১১৬৮৯/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

- সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।
২। ওকালতনামা ০২(দুই) খানা।
৩। ক্ষমতাপর্শনপত্র ০২(দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
মৌলভীবাজার।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৮৮.১৮- ১২২৬/১

তারিখ

২২ কার্তিক, ১৪২৫।
৫ অক্টোবর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)